সমকাল

পৃষ্ঠা ৪ 30 AUG 2016 কলাম ৯

স্কুলছাত্রী রিশা হত্যা

# খুনির গ্রেফতার দাবি মানবাধিকার কমিশন চেয়ারম্যানের

■ সমকাল প্রতিবেদক

বখাটের ছুরিকাঘাতে স্কুলছাত্রী সুরাইয়া আক্তার রিশা নিহতের ঘটনায় ঘাতককে অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছে জাতীয় মানবাধিকার কমিশন। গতকাল সোমবার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক এ দাবি জানিয়ে এক বিবৃতিতে বলেন, এ ঘটনা নাগরিক জীবনের স্বাভাবিক চলাচলের ওপর বাধা, সর্বোপরি মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। ঘটনার চারদিন পরও দর্জি ওবায়দুল খান গ্রেফতার না হওয়ায় স্কুলের ছাত্রছাত্রী এবং অভিভাবকদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। এ ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, উচ্ছৃঙ্খল যুবকদের এ ধরনের কর্মকাণ্ড শান্তি-শৃঙ্খলার জন্য হুমকিস্বরূপ।

রাজধানীর কাকরাইলের উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী রিশা ছুরিকাঘাতে আহত হয়ে রোববার ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। গত বুধবার দুপুরে কাকরাইলে স্কুলের সামনে ফুটওভার ব্রিজে তাকে ছুরিকাঘাত করে দর্জি ওবায়দুল।

**লিগ্যাল নোটিশ :** স্কুলছাত্রী রিশা হত্যা মামলার আসামি ওবায়দুল খানকে আগামী ২৪ ঘণ্টার মধ্যে গ্রেফতার করতে সরকারের সংশ্লিষ্টদের কাছে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। সুপ্রিম কোর্টের আইনজীবী ড. ইউনুছ আলী আকন্দ গতকাল এ নোটিশ পাঠান। এতে স্বরাষ্ট্র সচিব, পুলিশের আইজি, ঢাকার পুলিশ কমিশনার ও রমনা থানার ওসিকে বিবাদী করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে নোটিশের জবাব না দেওয়া হলে হাইকোর্টে রিট করা হবে বলে জানানো হয়।